| | | | | |
|---|---|---|---|---|
| | | পরিচালনা অব্যাহত আছে। তাছাড়া, মাদকের বিরুদ্ধে তাদের পক্ষ থেকে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। | (৫) শহরের মধ্যে উচ্চ শব্দে সাউন্ড বক্স বাজানো নিয়ন্ত্রণে রাখার জন্য সংশ্লিষ্ট সকলের সুদৃষ্টি রাখতে হবে। | ৮। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মাদারীপুর |
| | | (৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর বলেন, বর্তমানে তার উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। তবে মাদক প্রতিরোধ কার্যক্রম নেই বললেই চলে। মাদক নিয়ন্ত্রণের বিষয়ে পুলিশ সুপার, মাদারীপুর এর দৃষ্টি আকর্ষণ করেন। উপজেলা প্রশাসন ও অন্যান্য সংশ্লিষ্ট সকলের উদ্যোগে অবৈধ ড্রেজিং এর কার্যক্রম বন্ধ হয়ে গেছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | (৬) মাদারীপুর পৌরসভার মধ্যে পরিচালিত অনুমোদিত ও অনুমোদনবিহীন ইজিবাইকের একটি তালিকা তৈরি করে জেলা প্রশাসন বরাবরে দাখিল করতে হবে। | ৯। বিজ্ঞ পিপি, মাদারীপুর<br>১০। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মাদারীপুর |
| | | (৪) উপজেলা নির্বাহী অফিসার, শিবচর বলেন, বর্তমানে শিবচরে কিছু কিছু এলাকায় চুরির প্রবণতা কিছু বেড়েছে। ইতোমধ্যে নিলখী ইউনিয়নের একটি মন্দির থেকে ৩০ কেজি ওজনের একটি ঘন্টা চুরি হয়ে গেছে। ঘন্টাটি এখনও উদ্ধার হয়নি। তবে সিসিটিভি-তে ফুটেজ রয়েছে। এ সংক্রান্তে থানায় এজাহার দায়ের করা হয়েছে। বিষয়টি সুদৃষ্টি রাখার জন্য তিনি পুলিশ সুপার, মাদারীপুর এর দৃষ্টি আকর্ষণ করেন। | | |
| | | (৫) মেয়র, মাদারীপুর পৌরসভা জানান, বর্তমানে মাদারীপুর শহরের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। তবে মাঝে মধ্যে শহরের কিছু কিছু এলাকায় উচ্চ শব্দে গান বাজনা চালানো হয়। ফলে স্থানীয় এলাকার শান্তিপ্রিয় জনগণ বিরক্তকর ভোগ করছেন। স্থানীয় জনসাধারণের শান্তিতে বসবাসের লক্ষ্যে উচ্চ শব্দে সাউন্ড বক্স বাজানো নিয়ন্ত্রণে আনার অনুরোধ জানান। তিনি আরো জানান, পুরান বাজারে যানজট নিরসনের জন্য তাদের পক্ষ থেকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। শহরের মধ্যে যানজট নিরসনের লক্ষ্যে খাগদী থেকে মৌলভী আছমত আলী খা ব্রীজ পর্যন্ত একটি বাইপাস করার প্রস্তাব রাখেন। শহরের ময়লা আবর্জনা সরকারী বরাদ্দকৃত নির্দিষ্ট জায়গায় রাখার ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে তিনি সভায় অবহিত করেন। সন্ত্রাসী কর্তৃক চরমুগরীয়ায় এক ব্যক্তির হাত কেটে নেয়ার বিষয়টি কঠোর দৃষ্টিতে আনার জন্য তিনি পুলিশ সুপার, মাদারীপুর এর দৃষ্টি আকর্ষণ করেন। পৌরসভা মসজিদের সামনে থেকে দুটি মটর সাইকেল চুরির ঘটনার সাথে জড়িত এবং ট্রাকে আগুন লাগানোর ঘটনার সাথে জড়িতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। মাদকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার আহবান জানিয়ে তিনি তার বক্তব্য শেষ করেন। | | |
| | | (৬) জনাব শাজাহান খান, মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-২ আজকের আলোচনা সভায় যেসব বিষয়কে কেন্দ্র করে আলোচনা করা হয়েছে সেসব বিষয়গুলো | | |

-চলমান পাতা-৫-

| | | | | |
|---|---|---|---|---|
| | | যার যার স্থানে থেকে নিষ্পত্তি করার নির্দেশনা প্রদান করেন। চুরি, ডাকাতি ও ছিনতাই প্রতিরোধের বিষয়ে পুলিশ সদস্যদের কঠোর নজরদারী রাখার পরামর্শ দেন । মাদকের বিরুদ্ধে আন্তরিকতার সাথে কাজ করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। আগামীতে জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি যাতে আরো ভাল রাখা যায় সেদিকে সংশ্লিষ্ট সকলের সতর্ক দৃষ্টি রাখার অনুরোধ জানিয়ে তিনি তার বক্তব্য শেষ করেন ।<br>(৭) পুলিশ সুপার মাদারীপুর সদ্য এ জেলায় যোগদান করায় প্রথমে তাঁর প্রাক পরিচয় প্রদান করেন । অত:পর তিনি বলেন, জেলায় ছোট-খাটো চুরি ও ছিনতাইয়ের বিরুদ্ধে কঠোর নজরদারী রাখার জন্য তিনি পুলিশ সদস্যদের নির্দেশনা প্রদান করেছেন। শিবচরে মন্দির থেকে ঘন্টা চুরির বিষয়টি তিনি ব্যক্তিগতভাবে দেখার আশ্বাস দেন। যানজট নিরসনের বিষয়ে তাদের পক্ষ থেকে কঠোর দৃষ্টি রাখবেন। মাদকের বিরুদ্ধে তালিকা করে দ্রুত ব্যবস্থা নেয়া হবে মর্মেও তিনি সভায় অবহিত করেন। তিনি আরো জানান, ড্রেজিং এর বিরুদ্ধে নৌ-পুলিশের সুদৃষ্টি রাখার জন্য বলা হয়েছে। সকলের সার্বিক সহযোগিতায় জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি যাতে আরও ভাল থাকে সেজন্য সকলের সহযোগিতা কামনা করেন ।<br>(৮) সভাপতি ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর জানান, এ বছর বর্ষার সময়ে উত্তরবঙ্গ থেকে ঢল আসার সম্ভাবনা রয়েছে। এজন্য সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টি রাখার আহবান জানান। মাদারীপুর শহরে বর্তমানে অনুমোদিত ও অনুমোদনবিহীন কত পরিমান ইজিবাইক রয়েছে তার একটি তালিকা করে এ কার্যালয়ে প্রেরণের জন্য তিনি মেয়র, মাদারীপুরর পৌরসভাকে অনুরোধ জানান। ড্রাগ নিয়ন্ত্রণের লক্ষ্যে থানা/উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার ও ওসিগণের সাথে সংযোগ রেখে অভিযান পরিচালনার নির্দেশনা দেন। অবৈধ ড্রেজিং এর বিরুদ্ধেও উপজেলা নির্বাহী অফিসার ও ওসিগণের সজাগ দৃষ্টি রাখার পরামর্শ প্রদান করেন। অবৈধভাবে বালু উত্তোলনের তথ্য পাওয়ার সাথে সাথে বিষয়টি জেলা প্রশাসনকে অবহিত করার জন্য পরামর্শ দেন। সকল ধরণের অপরাধের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানিয়ে সভাপতির বক্তব্য শেষ করেন। | | |

-চলমান পাতা-৬-



